

নটর ডেম কলেজে পরিবেশ বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন ২৩ জানুয়ারি

■ ইত্তেফাক রিপোর্ট

সবুজ বিশ্ব নির্মাণ ও শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ বিষয়ে সচেতনতা তৈরিতে রাজধানীতে শুরু হচ্ছে ফাস্ট ইন্টারন্যাশনাল ন্যাচার সামিট-২০১৫। 'সবুজ পৃথিবী পেতে, কার্বন নিঃসরণ হ্রাস' শীর্ষক স্লোগানকে ধারণ করে আগামী ২৩ ও ২৪ জানুয়ারি দেশের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় ও বিশ্বের ১৬টি দেশের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে নটর ডেম কলেজ প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। দুইদিনব্যাপী সম্মেলনের উদ্বোধন করবেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সমাপনী দিন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দিবেন পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন যশু।

সোমবার নটর ডেম কলেজে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানানো হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত

বক্তব্য পাঠ করেন কলেজের অধ্যক্ষ ফাদার হেবল পিয়াস রোজারিও। পরিবেশ ও প্রকৃতি বিষয়ক এ আন্তর্জাতিক সম্মেলনে ৬টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলে দুইজন শিক্ষার্থী ও দলের নেতা হিসেবে একজন শিক্ষক থাকবেন। প্রতিযোগিতায় ছয়টি ইভেন্ট থাকবে। এগুলো হল, ন্যাচার অলিম্পিয়াড, ওয়াল ম্যাগাজিন, আলোকচিত্র প্রদর্শনী, পরিবেশ বাস্তু প্রদর্শনী, কনফারেন্স সেমিনার ও টার্ন কোর্ট। বিশ্বের অন্যান্য দেশের মধ্যে অংশগ্রহণকারী দেশগুলো হচ্ছে, ভারত, নেপাল, জাপান, চীন, উজবেকিস্তান, ইউক্রেন, তুরস্ক, জর্ডান, ইয়ামেন, মিশর প্রভৃতি।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠানের সদস্য সচিব ও রসায়ন বিভাগের শিক্ষক বিল্বব কুমার দেব সহ কলেজের শিক্ষকবৃন্দ।